# জে এস সি পরীক্ষা - ২০২০ এর মডেল প্রশ্ন

## বিষয় ঃ বাংলা বিষয় কোড: ১ ০ ১

### সময়– ২ ঘণ্টা ৩০ মিনিট; পূর্ণমান– ১০০

[দক্ষিন পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক ]

[বি:দ্র: গদ্য ও কবিতা অংশ থেকে ২টি করে মোট ৪টি সৃজনশীল প্রশ্নের উত্তর দিতে হবে। ১০×৪=৪০

১. ★ বাংলা ভাষা গোড়া পত্তনের যুগে সামান্য সংখ্যক শব্দ নিয়ে যাত্রা শুরু করলে নানা ভাষার সংস্পর্শে এসে এর শব্দ সম্ভার বহুল পরিমাণে বৃদ্ধি পেয়েছে। বাংলাদেশে তুর্কি আগমন, মুসলিম শাসন ও ইংরেজ শাসনামলে প্রচুর আরবি, ফার্সি ও ইংরেজি শব্দ বাংলা ভাষায় প্রবেশ করে। বাংলা ভাষা ঐ সব ভাষার শব্দগুলোকে আপন করে নিয়েছে।

ক. পৃথিবীর আদি ভাষাগোষ্ঠীর নাম কী? ১

খ. 'বাংলা সংস্কৃতের মেয়ে' -ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকের সঙ্গে 'বাংলা ভাষার জন্মকথা' প্রবন্ধের সাদৃশ্য নির্ণয় করো। ৩

ঘ. 'অনুকরণ নয় বরং নিয়মতান্ত্রিকভাবে সৃষ্টি হয়েছে বাংলা ভাষা।' উদ্দীপক ও 'বাংলা ভাষার জন্মকথা' প্রবন্ধের আলোকে উক্তিটির যথার্থতা নিরূপণ করো। ৪

২. ★ জনির প্রিয় পোষা বিড়াল মিনি। সকালে উঠেই সে মিনির খোঁজ করে, স্কুল থেকে ফিরে মিনিকে খাওয়ায়। বিকালে মিনিকে নিয়ে খেলা করে বাগানে। দিন শেষে জনি যখন পড়তে বসে, মিনি তখন তার পায়ের কাছে বসে থাকে।

ক. 'অতিথির স্মৃতি' গল্পে একটু দেরি করে আসত কোন পাখি? ১

খ. "ওর চেয়ে তুচ্ছ জীব শহরে আর নেই" বলতে কী বোঝানো হয়েছে? ২

গ. জনির মধ্যে 'অতিথির স্মৃতি' গল্পের কোন দিকটি ফুটে উঠেছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে বর্ণিত জনির অনুভূতি 'অতিথির স্মৃতি' গল্পের লেখকের সমধর্মী হলেও পুরোপুরি এক নয়-মন্তব্যটির যথার্থতা বিশ্লেষণ করো। ৪

Teachingbd24.com

https://teachingbd24.com

৩.▶ অসাধ্য সাধন করেছেন মহাত্মা গান্ধী। তিনি মানুষকে ভালোবেসেছেন বলেই তার কথায় সবাই কাজ করেছিল। তার কথার সঙ্গে কাজের মিল আছে বলেই মানুষ তাঁকে ভালোবেসে আগলে রেখেছেন।

ক. লোকের কোমল অনুভূতিতে ঘা দেওয়া কী? ১

খ. "দশচক্রে ভগবান ভূত" বলতে কী বোঝানো হয়েছে? ২

গ. উদ্দীপকের মহাত্মা গান্ধীর মধ্যে 'ভাব ও কাজ' প্রবন্ধের যে দিকটি প্রতিফলিত হয়েছে তা ব্যাখ্যা করো। ৩

ঘ. 'তাঁর কথার সঙ্গে কাজের মিল আছে বলেই মানুষ তাঁকে ভালোবেসে আগলে রেখেছেন' মন্তব্যটি 'ভাব ও কাজ' প্রবন্ধের আলোকে বিশ্লেষণ করো। ৪

## খ অংশ — কবিতা

৪.▶ মুক্তিযুদ্ধ বাঙালির জাতীয় জীবনে সবচেয়ে তাৎপর্যপূর্ণ ঘটনা। এ যুদ্ধের প্রসঙ্গ এলেই আমরা গভীর শ্রদ্ধার সঙ্গে নারীদের অবদানের কথা স্মরণ করি। মুক্তিযুদ্ধে নারীরা হয়তো পুরুষের মতো সেভাবে সম্মুখ যুদ্ধে অংশগ্রহণ করেননি। কিন্তু তারা পুরুষের পাশে থেকে সবসময় তাঁদের প্রেরণা জুগিয়েছেন; যুদ্ধাহতদের সেবা-যত্ন করেছেন। এছাড়া বিভিন্ন সময়ে তাঁরা একস্থান থেকে অন্যস্থানে গোপন সংবাদ পৌঁছে দিয়েছেন। তাঁদের এ কর্মকাণ্ড সম্মুখযুদ্ধে অংশগ্রহণের মতোই ছিল তাৎপর্যপূর্ণ।

ক. 'নারী' কবিতাটি কোন কাব্যগ্রন্থ হতে সংকলিত? ১

খ. নারীরা দাসী হয়েছিল কেন? ২

গ. উদ্দীপকটি 'নারী' কবিতার সঙ্গে কোন দৃষ্টিকোণ থেকে সম্পর্কিত? ব্যাখ্যা করো। ৩

ঘ. 'নারী' ও পুরুষের সম্মিলিত প্রচেষ্টাতেই জাতির মহত্তম ইতিহাস সৃষ্টি হওয়া সম্ভব- উদ্দীপক ও 'নারী' কবিতার আলোকে উক্তিটি যথার্থতা নিরূপণ করো। ৪

Teachingbd24.com

https://teachingbd24.com

৫. ▶ আগে কী সুন্দর দিন কাটাইতাম
গ্রামের নওয়োয়ান হিন্দু-মুসলমান
মিলিয়া মুর্শিদি আর বাউল গান গাইতাম।

ক. কবি জগৎ বেড়ে কীসের কথা বলেছেন? ১

খ. 'মূলে এক জল, সে যে ভিন্ন নয়' - বলতে কোন বিষয়কে বোঝানো হয়েছে? ২

গ. উদ্দীপকে 'মানবধর্ম' কবিতার কোন দিকটি ফুটে উঠেছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. 'গ্রামের হিন্দু-মুসলমানের মিলনে 'মানবধর্ম' কবিতার সুর বেজে উঠেছে।' মন্তব্যটি বিশ্লেষণ করো। ৪

৬. ▶ "এমন দেশটি কোথাও খুঁজে পাবে না ক তুমি
সকল দেশের রানী সে যে আমার জন্মভূমি-
সে যে আমার জন্মভূমি।"

ক. শিমুলের ডালে কে ডাকে? ১

খ. 'আবার আসিব ফিরে' কবিতায় বর্ণিত সন্ধ্যার চিত্রটি কেমন? ২

গ. উদ্দীপকে 'আবার আসিব ফিরে' কবিতার যে দিক প্রকাশ পেয়েছে তা ব্যাখ্যা করো। ৩

ঘ. "উদ্দীপকে 'আবার আসিব ফিরে' কবিতার কবির সামগ্রিক চেতনা ফুটে উঠেনি"— বক্তব্যটির যৌক্তিকতা মূল্যায়ন করো। ৪

## নির্মিতি অংশ—৩০

৭. সারাংশ/সারমর্ম (যে কোনো একটি) ৫

ক. সারাংশ লেখ:

★ একজন মানুষ ভালো কি মন্দ আমরা তা বুঝতে পারি তার ব্যবহার দিয়ে। সে ভদ্র কি অভদ্র তাও বুঝতে পারি তার ব্যবহার দিয়ে। ব্যবহার ভালো হলে লোকে তাকে ভালো বলে। তাকে পছন্দ করে। ব্যবহার খারাপ হলে লোকে তাকে খারাপ বলে। তাকে অপছন্দ করে। তার সঙ্গে মিশতে চায় না। তার সঙ্গে কাজ করতে চায় না।

Teachingbd24.com

তাকে কাছে ডাকতে চায় না। তোমার ব্যবহার দিয়েই তোমার মনুষ্যত্বের পরিচয়।

খ. **সারমর্ম লেখ:**

★ নমঃ নমঃ নমঃ সুন্দরী মম জননী বঙ্গভূমি।
গঙ্গার তীর, স্নিগ্ধ সমীর, জীবন জুড়ালে তুমি।
অবারিত মাঠ, গগণললাট চুমে তব পদধূলি
ছায়াসুনিবিড় শান্তির নীড় ছোটো ছোটো গ্রামগুলি।
পল্লবঘন আম্রকানন রাখালের খেলাগেহ,
স্তব্ধ অতল দীঘি কালোজল-নিশীথশীতল স্নেহে।
বুকভরা মধু বঙ্গের বধু জল লয়ে যায় ঘরে-
মা বলিতে প্রাণ করে আনচান, চোখে আসে জল ভরে।

৮. **ভাবসম্প্রসারণ কর: (যেকোনো একটি)** ৫×১=৫

ক. ★ বিশ্বের যা কিছু মহান সৃষ্টি চির কল্যাণকর
অর্ধেক তার করিয়াছে নারী, অর্ধেক তার নর।

খ. জন্মিলে মরিতে হবে অমর কে কোথা কবে
চিরস্থির কবে নীর হায়রে জীবন নদে?

৯. **যেকোনো একটি প্রশ্নের উত্তর দাও:** ৫×১=৫

ক. ★ কম্পিউটার শিক্ষার গুরুত্ব বর্ণনা করো তোমার ছোট বোন বর্ণালীকে একটি চিঠি লিখো।

খ. শিক্ষা সফরের গুরুত্ব উল্লেখ করে শিক্ষা সফরে যাওয়ার অনুমতি চেবয়ে প্রধান শিক্ষকের নিকট একখানা দরখাস্ত লিখো।

১০. **যেকোনো একটি বিষয়ে প্রবন্ধ রচনা করো:** ১৫×১=১৫

ক. ★ অধ্যবসায়।

খ. শ্রমের মর্যাদা

গ. ★ ছাত্র জীবনের দায়িত্ব ও কর্তব্য।

Teachingbd24.com

https://teachingbd24.com

# বাংলা

বিষয় কোড: ১০১

সময়—৩০ মিনিট

## বহুনির্বাচনি অভীক্ষা

মান—৩০

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রের প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে সঠিক উত্তরের বর্ণটিতে টিক(✓) চিহ্ন দাও। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে।]

**নিচের উদ্দীপকটি পড়ে ১ ও ২ নম্বর প্রশ্নের উত্তর দাও:**

সুমির আদরের বিড়াল মিনি। সুমির দৈনন্দিন জীবনের সাথে মিনি জড়িয়ে আছে আষ্টে-পৃষ্ঠে। সুমি অসুস্থ হয়ে পড়লে তাকে দেখতে না পেয়ে মিনি চঞ্চলভাবে লেজ নেড়ে তার অস্থিরতার কথা জানান দেয়।

১. ★ মিনি ও সুমির মধ্যকার স্নেহপ্রীতির পরিচয় 'অতিথির স্মৃতি' গল্পে কাদের মধ্যে পাওয়া যায়?
   ক) মালি ও বামুন ঠাকুরের
   খ) গল্পকথক ও কুকুরটির
   গ) মালিনী ও চাকরদের
   ঘ) গল্পকথক ও মালিনীর

২. ★ উদ্দীপক ও উক্ত গল্পের শিক্ষা হলো—
   i. মানবেতর প্রাণীরাও অনুভূতিপ্রবণ
   ii. মানবেতর প্রাণীর প্রতি সহানুভূতিশীল হতে হবে
   iii. প্রাণী ও মানুষের মমত্বের সম্পর্ক কমাতে হবে
   নিচের কোনটি সঠিক?
   ক) i ও ii খ) i ও iii
   গ) ii ও iii ঘ) i, ii ও iii

৩. ★ শরীর খারাপ হলে গল্পকথক কয়দিন ঘর থেকে নিচে নামতে পারলেন না?
   ক) একদিন খ) দুইদিন
   গ) তিনদিন ঘ) চারদিন

৪. ভাবের দাস হলে আমাদের কোনটি অবশ্যম্ভাবী?
   ক) উন্নতি খ) উত্থান
   গ) অমর্যাদা ঘ) পতন

৫. কাজী নজরুল ইসলাম ভাবের ঘরে কী করতে নিষেধ করেছেন?
   ক) চুরি করতে খ) ঘা দিতে
   গ) উঁকি দিতে ঘ) ঢু মারতে

৬. ★ 'পড়ে পাওয়া' গল্পটি কথকের কোন সময়ের কথা?
   ক) শিশু বেলার খ) ছেলেবেলার
   গ) যৌবনকালের ঘ) কিশোরকালের

৭. ★ চণ্ডীমণ্ডপে একটা লোক এলো কখন?
   ক) সকালে খ) সন্ধ্যায়
   গ) দুপুরে ঘ) বিকেলে

৮. পরাশর ডাক্তার কোথায় বসে চিঠি লিখছিলেন?
   ক) বারান্দায় খ) লাইব্রেরিতে
   গ) বাগানে ঘ) বৈঠকখানায়

৯. ★ লালন শাহ্ কোন জিনিসটিকে গুরুত্বপূর্ণ মনে করেন না?
   ক) মানুষকে খ) জাতকে
   গ) প্রথাকে ঘ) কৌলীন্যকে

**নিচের উদ্দীপকটি পড়ে ১০ ও ১১ নম্বর প্রশ্নের উত্তর দাও।**

"ব্রাহ্মণ চণ্ডাল চামার মুচি
এক জলে হয় সবার শুচি।"

১০. ★ এ কবিতাংশের সমার্থক পঙ্‌ক্তি কোনটি?
   ক) গর্তে গেলে কূপজল কয়
   খ) গঙ্গায় গেলে গঙ্গা জল হয়
   গ) মূলে এক জল, সে যে ভিন্ন নয়
   ঘ) কেউ মালা কেউ তসবি গলায়

১১. ★ উদ্দীপকটির মূলভাব ফুটে উঠেছে—
   i. মানুষের অভিন্নতায়
   ii. মানুষের বিভিন্নতায়
   iii. জাতের সমতায়
   নিচের কোনটি সঠিক?
   ক) i ও ii খ) i ও iii
   গ) ii ও iii ঘ) i, ii ও iii

https://teachingbd24.com

১২. ★ 'সাধিতে মনের সাধ ঘটে যদি পরমাদ'— এখানে 'পরমাদ' শব্দের অর্থ কী?

ক পরমানন্দ  খ বিষাদ
গ প্রমাদ  ঘ বিভোর

১৩. 'বঙ্গভূমির প্রতি' কী ধরনের কবিতা?

ক ব্যঙ্গ কবিতা
খ গীতিকবিতা
গ চতুর্দশপদী কবিতা
ঘ কাহিনি কবিতা

১৪. উপেনের মতে, ভগবান তাকে কোথায় রাখবেন না?

ক দুই বিঘা জমিতে  খ সাধুর আশ্রমে
গ মোহগর্তে  ঘ হাটে-মাঠে-বাটে

১৫. ★ বাবু যত বলে পারিষদ দলে বলে তার কতগুণ?

ক দশগুণ  খ শতগুণ
গ সহস্রগুণ  ঘ লক্ষগুণ

১৬. নয়নের জল কীরূপ?

ক নির্মল  খ শুষ্ক
গ মহৎ  ঘ সাদা

১৭. ধ্বনির অর্থপূর্ণ মিলনে কী তৈরি হয়?

ক বর্ণমালা  খ ধ্বনিমূল
গ শব্দমূল  ঘ শব্দ

১৮. কোন জনগোষ্ঠী আচিক ভাষায় কথা বলে?

ক চাকমা  খ সাঁওতাল
গ গারো  ঘ মনিপুরী

১৯. ★ ব্যঞ্জন বর্ণের সংক্ষিপ্ত রূপ কয়টি?

ক ৫টি  খ ৬টি
গ ৭টি  ঘ ৮টি

২০. কোনটি কণ্ঠ বর্ণ?

ক হ  খ শ
গ ষ  ঘ স

২১. 'ঙ' এর উচ্চারণ স্থানের নাম কী?

ক কণ্ঠ্য  খ তালু
গ ওষ্ঠ  ঘ মূর্ধা

২২. ★ ভাষার সর্বজনগ্রাহ্য ও সমকালের সর্বোচ্চ মার্জিত রূপকে কী বলে?

ক সাধু রীতি  খ চলিত রীতি
গ প্রমিত রীতি  ঘ কথ্য রীতি

২৩. ★ কোনটি সাধু রীতির বৈশিষ্ট্য?

ক চটুল  খ কৃত্রিম
গ জীবন্ত  ঘ পরিবর্তনশীল

২৪. 'এ' ধ্বনির সঠিক উচ্চারণ স্থান কোনটি?

ক তালু  খ জিহ্বামূল
গ মূর্ধা  ঘ কণ্ঠ ও তালু

২৫. ★ 'স্মরণ' -এর সঠিক উচ্চারণ কোনটি?

ক শঁরণ্  খ শোরন্
গ শঁরোন  ঘ শোঁরোন

২৬. 'অ' ধ্বনির বিকৃত উচ্চারণ কোনটি?

ক অতি  খ অজ
গ অকাল  ঘ ঘর

২৭. তৎসম শব্দের সন্ধি কত প্রকার?

ক ২  খ ৩
গ ৪  ঘ ৫

২৮. ★ অ-কার কিংবা অ-কারের পর ই-কার কিংবা ঈ-কার থাকলে উভয়ে মিলে কী হয়?

ক ও-কার  খ এ-কার
গ ঈ-কার  ঘ ঔ-কার

২৯. ★ 'মহীন্দ্র' শব্দটি কোন নিয়মে সন্ধি হয়েছে?

ক ই + ই  খ ই + ঈ
গ ঈ + ই  ঘ ঈ + ঈ

৩০. 'মনঃকষ্ট' এর সন্ধি বিচ্ছেদ কোনটি?

ক মনো + কষ্ট  খ মন + কষ্ট
গ মনোঃ + কষ্ট  ঘ মনঃ + কষ্ট

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | খ | ২ | ক | ৩ | খ | ৪ | ঘ | ৫ | ক | ৬ | ঘ | ৭ | ঘ | ৮ | খ | ৯ | খ | ১০ | গ | ১১ | ঘ | ১২ | গ | ১৩ | খ | ১৪ | গ | ১৫ | খ |
| | ১৬ | ক | ১৭ | ঘ | ১৮ | গ | ১৯ | খ | ২০ | ক | ২১ | ক | ২২ | গ | ২৩ | খ | ২৪ | ঘ | ২৫ | গ | ২৬ | ক | ২৭ | খ | ২৮ | খ | ২৯ | গ | ৩০ | ঘ |

Teachingbd24.com